# এইচ এস সি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ড এর জন্য)

## অর্থনীতি দ্বিতীয় পত্র

বিষয় কোড : | ১ | ১ | ০ |

সময়-২ ঘন্টা ৩০ মিনিট — সৃজনশীল প্রশ্ন — পূর্ণমান: ৭০

*[দ্রষ্টব্য : দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। মোট সাতটি প্রশ্নের উত্তর দাও।]*

১. ★ বিশ্বায়নের ফলে বাংলাদেশও সুফল ভোগ করছে। বাংলাদেশের জনগণ বিশ্বের বিভিন্ন জায়গায়, বিভিন্ন দেশে নিজেদের স্থান করে নিয়েছে। আশা করা যায় বাংলাদেশ ২০২১ সালে মধ্যম আয়ের দেশে পরিণত হবে।

ক. প্রাকৃতিক পরিবেশ কী? ১
খ. অর্থনৈতিক উন্নয়নের ভিত্তি হলো অর্থনৈতিক কাঠামো—ব্যাখ্যা কর। ২
গ. বৈশ্বিক সম্পর্ক কী অর্থনীতির বিভিন্ন খাতকে প্রভাবিত করে। ব্যাখ্যা কর। ৩
ঘ. বিশ্বায়নের ফলে বাংলাদেশের ভবিষ্যৎ সম্ভাবনা সম্পর্কে তোমার মতামত দাও। ৪

২. ▶ বাংলাদেশের কৃষিক্ষেত্রে নীরব বিপ্লব ঘটেছে। একই জমিতে একই ফল চাষ না করে ভিন্ন ভিন্ন শস্য উৎপাদন করে জমির উর্বরতা ও উৎপাদন বৃদ্ধি পাচ্ছে। এছাড়া কৃষিতে এমন এক প্রযুক্তি উদ্ভাবিত হয়েছে যা জীব কোষের কোনো উপাদান, কাঠামোতে পরিমিত পরিবর্তনের মাধ্যমে নতুন সৃষ্টিকে নির্দেশ করে।

ক. কৃষিঋণ কী? ১
খ. মাশরুম চাষের অর্থনৈতিক গুরুত্ব ব্যাখ্যা কর। ২
গ. একই জমিতে ভিন্ন ভিন্ন শস্য উৎপাদন কোন ধরনের উৎপাদন পদ্ধতি নির্দেশ করে ব্যাখ্যা কর। ৩
ঘ. কৃষি উন্নয়নে উক্ত প্রযুক্তির গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

৩. ★ জলবায়ু পরিবর্তনের প্রধান কারণ পৃথিবীর গড় তাপমাত্রা বৃদ্ধি। বৈশ্বিক উষ্ণতার কারণে জলবায়ু পরিবর্তনের ফলে অতিবৃষ্টি, বন্যা, সাইক্লোন, খরাসহ সমুদ্রপৃষ্ঠের পানির উচ্চতা বৃদ্ধি পাচ্ছে। এ কারণে পৃথিবীর নিম্নাঞ্চল, দ্বীপদেশসমূহ পানিতে তলিয়ে যাবে। খাদ্য সংকটসহ বিভিন্ন প্রকার সামাজিক অস্থিরতা তৈরি হবে। এ সমস্যা সমাধানে জৈব আবর্জনার দূষণ রোধ, পরিবেশ বান্ধব বর্জ্যের পুনঃব্যবহারের উদ্যোগ, বিরূপ পরিবেশের সাথে সামঞ্জস্যপূর্ণ প্রয়োজনীয় ফসলি বীজ উদ্ভাবন ও চাষাবাদ, মোবাইল ফোনের মাধ্যমে দুর্যোগ বার্তা প্রদানে উদ্যোগ নেয়া হয়েছে।

ক. কৃষিপণ্যের বিপণন কী? ১
খ. নার্সারি স্থাপন বেকারত্ব দূরীকরণে ভূমিকা রাখে কী? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের আলোকে বাংলাদেশের ওপর জলবায়ু পরিবর্তনের কোনো প্রভাব পড়বে কি? ব্যাখ্যা কর। ৩

https://teachingbd24.com

ঘ. উক্ত সমস্যা থেকে উত্তোলনের উপায় উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৪.▶ জনাব আমজাদ 'ক' দেশের নাগরিক। এই দেশটির রপ্তানি আয়ের তুলনায় আমদানি ব্যয় বেশি হয়। ফলে দেশটির বাণিজ্য ঘাটতি বেশি। তাই দেশিটির সরকার এমন একটি শিল্প স্থাপন করলেন যা বাণিজ্য ঘাটতি দূর করার পাশাপাশি দেশীয় শিল্পের বিকাশ ও রপ্তানিমুখী শিল্পের বিকাশে সাহায্য করবে।

ক. ভোগ্যশিল্প কী? ১

খ. কীভাবে কুটির শিল্পকে ক্ষুদ্র শিল্প হতে পৃথক করা যায়? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে কোন শিল্পের উল্লেখ করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত শিল্পটি বাণিজ্য ঘাটতি দূরীকরণে কোনো ভূমিকা পালন করছে কি? বিশ্লেষণ কর। ৪

৫.▶ বাংলাদেশ জনসংখ্যার চাপে জর্জরিত। এদেশের আয়তন ১,৪৭,৫৭০ বর্গকিলোমিটার এবং জনসংখ্যা প্রায় ১৬ কোটি। সম্পদের অপ্রতুলতার কারণে এ বিপুল জনগোষ্ঠীর অধিকাংশ জীবন ধারণের বিভিন্ন মৌল উপাদান থেকে বঞ্চিত হচ্ছে। বাংলাদেশের ২০১৪ সালের মধ্যসময়ের মোট জনসংখ্যা ১৬ কোটি। উক্ত সময়ে বাংলাদেশের বহিরাগমন ২,৫০,০০০ জন এবং বহির্গমন ৫,৮০,০০০ জন।


ক. শূন্য জনসংখ্যা কী? ১

খ. কীভাবে স্থূল জন্মহার পরিমাপ করবে? ২

গ. দেশটির নিট অভিবাসন নির্ণয় করে ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাধিক্যের চাপে বাংলাদেশে যেসব সমস্যার সৃষ্টি হয়েছে তা বিশ্লেষণ কর। ৪

৬. ★ নিচের চিত্রটি লক্ষ কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও:




Teachingbd24.com
https://teachingbd24.com

ক. পুষ্টিকর খাদ্য কী? ১
খ. কীভাবে ভেজাল খাদ্য প্রতিরোধ সম্ভব? ২
গ. চিত্রে $E_0$ বিন্দু থেকে $E_1$ বিন্দুতে স্থানান্তর কোন বিষয়টিকে ইঙ্গিত করেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত বিষয়টি কোন কোন উপাদানসমূহের ওপর প্রভাব বিস্তার করবে? বিশ্লেষণ কর। ৪

৭. ★ A একটি উন্নয়নশীল দেশ। উক্ত দেশে বিভিন্ন উন্নয়ন পরিকল্পনা বাস্তবায়নের উদ্দেশ্যে সরকার বিভিন্ন অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক উৎস হতে ঋণ গ্রহণ করেছে। অন্যদিকে একশ্রেণির অসাধু ব্যবসায়ী অধিক মুনাফার আশায় নিত্যপ্রয়োজনীয় খাদ্য দ্রব্যের কৃত্রিম সংকট তৈরি করে। এর ফলে দেশে নিত্য প্রয়োজনীয় সকল খাদ্যদ্রব্যের দাম বৃদ্ধি পেতে থাকে। ফলে সমাজে বসবাসরত জনগোষ্ঠীর জীবনযাত্রায় ব্যাপক প্রভাব পড়ে।

ক. ব্যয় বৃদ্ধিজনিত মুদ্রাস্ফীতি কী? ১
খ. আকস্মিকভাবে কোন দ্রব্যের দাম বৃদ্ধি পেয়ে অল্প সময় পর পূর্বের অবস্থায় ফিরে গেলে তাকে কি মুদ্রাস্ফীতি বলা যাবে? ২
গ. A দেশে নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের দাম বৃদ্ধির বিষয়টি কোন বিষয়ের সাথে সম্পর্কিত? এর কারণগুলো উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত পরিস্থিতির জন্য জনজীবনে কি প্রভাব ফেলবে? বিশ্লেষণ কর। ৪

৮. ▶ বর্তমান সরকার রূপকল্প ২০১০-২০২১-এর আওতায় ষষ্ঠ পঞ্চবার্ষিকী পরিকল্পনা (২০১০-২১৫) গ্রহণ করেছিল। উক্ত পরিকল্পনার মেয়াদ শেষ হওয়ার পর ৭ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা গ্রহণ করা হয়েছে যা বাস্তবায়নাধীন। এর পাশাপাশি ২০১৫-১৬ অর্থবছরে ৯২ হাজার ৫শ কোটি টাকার বার্ষিক উন্নয়ন পরিকল্পনা গ্রহণ করা হয়েছিল যার অন্তর্গত ১২৫টি প্রকল্প অন্তর্ভুক্ত ছিল। সরকার আশা করছে এসব উন্নয়ন পরিকল্পনার যথাযথ বাস্তবায়নের মাধ্যমে উচ্চতর প্রবৃদ্ধি অর্জন সম্ভব এবং ২০২১ সালের মধ্যে বাংলাদেশ একটি মধ্যম আয়ের দেশে পরিণত হওয়া সম্ভব।

ক. ঘূর্ণায়মান পরিকল্পনা কী? ১
খ. স্বল্পমেয়াদি পরিকল্পনা দীর্ঘমেয়াদি পরিকল্পনার ভীত রচনা করে বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকে উল্লিখিত পরিকল্পনার শ্রেণিবিভাগ আলোচনা কর। ৩
ঘ. পরিকল্পনা যথাযথ বাস্তবায়নের মাধ্যমে দেশের কাঙ্ক্ষিত উন্নয়ন সম্ভব তুমি কি এ বিষয়ে একমত?—বিশ্লেষণ কর। ৪

teachingbd24.com

৯. ★ অমিত একটি কলেজের ২য় বর্ষের ছাত্র। জুন মাসের একটি দৈনিক পত্রিকায় সে দেখতে পেল দেশের ২০১৮-১৯ সালের সরকারের আয় ব্যয়ের আগাম হিসাবের বিবরণী প্রকাশ করা হয়েছে। যাতে দেশের আয় ও ব্যয়ের বিভিন্ন উৎস এবং কোন কোন খাত হতে কত টাকা আয় হবে ও কত টাকা ব্যয় হবে তা উল্লেখ আছে। এতে করে যা সে বুঝতে পারল দেশে আয় ব্যয়ের ব্যবধান ঘোচানোর জন্য সরকারকে প্রতি বছর বিভিন্ন উৎসে নতুন করারোপ ও ঋণ গ্রহণের পরিমাণ বাড়াতে হয়।

ক. সরকারি ব্যয় কী? ১

খ. কোন কর জনপ্রিয় এবং কেন? ২

গ. অমিত সরকারের আয়ের যে উৎস সম্পর্কে জানতে পেরেছে তা ব্যাখ্যা কর। ৩

ঘ. সরকার তার বাজেটের ঘাটতি মিটানোর জন্য যে পন্থা অবলম্বন করে তা কি যৌক্তিক? বিশ্লেষণ কর। ৪

১০. ▶ "থাকব নাক বদ্ধ ঘরে.......... বিশ্বজগৎ দেখব আমি আপন হাতের মুঠোয় পুরে" কবি নজরুলের এই ইচ্ছা আজ বাস্তবে পরিণত হয়েছে। কেননা বর্তমানে সমগ্র বিশ্বের পুঁজি প্রযুক্তির অবাধ বাণিজ্য ও মুক্তবাজার অর্থনীতি, সামাজিক সংস্কৃতির কর্মকাণ্ডের বিশ্বব্যাপী অবাধ বিনিময়ের মাধ্যমে সমগ্র বিশ্বের জনমানুষের মধ্যে এক সেতুবন্ধন স্থাপিত হয়েছে। ফলে আমদানি রপ্তানিতে পরিবর্তন এসেছে। এর প্রভাবে অর্থনৈতিক খাত সম্প্রসারিত হচ্ছে যা অর্থনীতির জন্য একটি ইতিবাচক দিক।

ক. আন্তর্জাতিক বাণিজ্যকী? ১

খ. আমদানি বৃদ্ধি আন্তর্জাতিক বাণিজ্যের ভারসাম্য নষ্ট করে—ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে যে ধারণার আলোকপাত করা হয়েছে তা ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত বিষয়টি কি শুধু সমগ্র বিশ্বের মানুষকে সুবিধাই প্রদান করেছে? বিশ্লেষণ কর। ৪

১১. ★ সামিয়া হাসান একটি ক্ষুদ্র শিল্পের মালিক। ব্যবসায়ের পাশাপাশি তিনি শেয়ার বাজারে বিনিয়োগ করেন। শেয়ার বাজারে বিনিয়োগের পূর্বে তিনি প্রশিক্ষণ নেন এবং ভেবেচিন্তে বিভিন্ন কোম্পানির শেয়ার ক্রয় করেন। সামিয়া নিয়মিত স্টক এক্সচেঞ্জে যাতায়াত করেন এবং শেয়ারের মূল্যসূচক জেনে তিনি তা বিক্রয় করেন। ফলে তার শেয়ার ক্রয়জনিত ঝুঁকি ন্যূনতম থাকে এবং এই ব্যবসায়ের মাধ্যমে তিনি অনেক লাভবান হন। এছাড়া তার মত অসংখ্য ক্ষুদ্র বিনিয়োগকারীর অর্থ দ্বারা শিল্প পুঁজি সমৃদ্ধ হয়।

ক. পুঁজিবাজার কী? ১

খ. ব্যক্তিগত সঞ্চয় অর্থায়নের নির্ভরযোগ্য উৎস ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে কোন ধরনের শেয়ারের উল্লেখ করা হয়েছে ব্যাখ্যা কর। ৩

ঘ. অসংখ্য ক্ষুদ্র বিনিয়োগকারীর বিনিয়োগ দ্বারা শিল্প পুঁজি সমৃদ্ধ হয় তুমি কি এ বিষয়ে একমত বিশ্লেষণ কর। ৪

https://teachingbd24.com

## অর্থনীতি দ্বিতীয় পত্র : বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৩০ মিনিট পূর্ণমান — ৩০ বিষয় কোড: ১ ১ ০

*[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]*

১. **সর্বপ্রথম অর্থনৈতিক পরিকল্পনা গ্রহণ করে কোন দেশ?**
ক) চীন খ) ইংল্যান্ড
গ) রাশিয়া ঘ) যুক্তরাষ্ট্র

২. **প্রত্যক্ষ করের উদাহরণ হচ্ছে—**
i. বাণিজ্য শুল্ক
ii. ভূমি রাজস্ব iii. সম্পদ কর
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৩. **রাশিয়ার স্থির পরিকল্পনার (Fixed Plan) মেয়াদ কত বছর?**
ক) ৪ খ) ৫
গ) ৬ ঘ) ৭

৪. **কোনটি নিষ্ক্রিয় ঋণ (Passive Debt)?**
ক) যুদ্ধ ঋণ খ) খেলার মাঠ স্থাপন
গ) রাস্তাঘাট উন্নয়ন ঘ) শিল্প স্থাপন

৫. **দেশের অভ্যন্তরে উৎপাদিত ও ব্যবহৃত দ্রব্যের ওপর যে কর ধার্য করা হয়, তাকে কী বলে?**
ক) আবগারি শুল্ক খ) সম্পূরক শিল্প
গ) আমদানি শুল্ক ঘ) মূসক


৬. **আন্তর্জাতিক বাণিজ্যের বৈশিষ্ট্য হলো—**
i. সামাজিক রুচি, পছন্দ এসবের পার্থক্য লক্ষ করা যায়
ii. ভোগ অভ্যাস স্থির থাকে
iii. প্রাকৃতিক সম্পদের বৈশিষ্ট্যগত পার্থক্য থাকে
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**নিচের উদ্দীপকটি পড় এবং ৭ ও ৮নং প্রশ্নের উত্তর দাও:**
জার্মানিতে গিয়ে রফিক সাহেব দেখলেন, সেখানে বাংলাদেশের হিমায়িত খাদ্য, শাক-সবজি, ফলমূল, আখের গুড়, এখানকার লেখকদের বইপত্র ইত্যাদি দ্রব্যসামগ্রী পাওয়া যাচ্ছে। এরূপ অবস্থা তিনি গত বছর নিউইয়র্ক ও টোকিওতেও লক্ষ করেছেন।

৭. **উদ্দীপকে উল্লিখিত দ্রব্যগুলো কোন ধরনের?**
i. প্রাথমিক পণ্যদ্রব্য
ii. অপ্রচলিত রপ্তানি দ্রব্য
iii. প্রচলিত রপ্তানি দ্রব্য
**নিচের কোনটি সঠিক?**
ক) i খ) ii
গ) i ও ii ঘ) i ও iii

৮. **উদ্দীপকে বর্ণিত দ্রব্যসমূহের বাণিজ্য সম্প্রসারণের উপায় হলো—**
ক) টাকার মূল্যমান বৃদ্ধি
খ) আয়কর রিবেটের সুবিধা প্রদান
গ) রপ্তানি ঋণের পরিমাণ নিয়ন্ত্রণ
ঘ) আমদানি নীতি উদারকরণ

**নিচের চিত্রটি লক্ষ কর এবং ৯ ও ১০নং প্রশ্নের উত্তর দাও:**




৯. **ভোক্তার ভারসাম্য বিন্দু a হতে b তে স্থানান্তরিত হলে কী ধরনের মুদ্রাস্ফীতি দেখা দেয়?**
ক) ধাবমান মুদ্রাস্ফীতি খ) যোগান মুদ্রাস্ফীতি
গ) উল্লম্ফন মুদ্রাস্ফীতি ঘ) চাহিদাজনিত মুদ্রাস্ফীতি

১০. **উদ্দীপকে প্রাথমিক চাহিদা $D_1$ এর প্রেক্ষিতে, শ্রমের মজুরি বৃদ্ধি, সুদের হার বৃদ্ধি ও পরিবহন ব্যয় বৃদ্ধির ফলে চাহিদা ও যোগানের সমতাসূচক বিন্দু হবে—**
ক) a খ) b
গ) c ঘ) d

১১. **সাধারণত বিশ্বায়ন বলতে বোঝায়?**
ক) বিশ্বব্যাংক কর্তৃক অধিক সাহায্যপ্রাপ্তি
খ) বিশ্বগ্রাম প্রতিষ্ঠা
গ) বৈদেশিক বাণিজ্য বৃদ্ধি
ঘ) অনুকূল বাণিজ্য শর্ত লাভ

১২. **সূচক সংখ্যা গঠন করতে প্রয়োজন—**
i. বন্যা, খরামুক্ত একটি স্বাভাবিক বছর
ii. প্রতিনিধিত্বমূলক দ্রব্য
iii. নির্বাচিত দ্রব্যগুলোর বাজার দাম
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৩. **কোম্পানি তার পরিশোধিত মূলধন বাড়াতে চাইলে কোন শেয়ারটি ইস্যু করে?**
ক) প্রেফারেন্স খ) রাইট শেয়ার
গ) বোনাস শেয়ার ঘ) Deferred Share

Teachingbd24.com

১৪. ★ ব্যবসায় অর্থায়ন হলো—
i. অংশীদারি কারবারে অর্থায়ন
ii. শিক্ষাপ্রতিষ্ঠান, হাসপাতাল এবং লাইব্রেরিতে অর্থায়ন
iii. স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানসমূহে অর্থায়ন

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**১৫. যে বন্ড হস্তান্তরযোগ্য এবং বন্ডের গায়ে নির্দিষ্ট সুদের হার, পরিপক্ক সময়, বাহ্যিক মূল্য প্রভৃতি উল্লেখ থাকে এবং নির্দিষ্ট তারিখে কোম্পানিতে কুপন জমা দিয়ে বন্ড যার নিকট থাকে সেই সুদ উত্তোলন করতে পারে, তাকে কী বন্ড বলে?**

ক জিরো কুপন বন্ড খ জাঙ্ক বন্ড
গ কুপনবিহীন বন্ড ঘ কুপন বন্ড

**১৬. ★ স্বাস্থ্যবিধি সম্মত ভেজালমুক্ত পুষ্টিকর খাদ্য বলতে কোনটিকে বোঝায়?**

ক নিরাপদ খাদ্য খ খাদ্য নিরাপত্তা
গ খাদ্যের প্রাপ্যতা ঘ খাদ্যের ক্রয়যোগ্যতা

**১৭. ভেজাল খাদ্য বর্জনে কোন বিষয়টি বেশি জরুরি?**

ক শাস্তি প্রণয়ন খ জনসচেতনতা
গ সরকারি প্রচারণা ঘ নিরাপদ খাদ্য

**১৮. CAB-এর পূর্ণরূপ কি?**

ক Consumer Area of Bangladesh
খ Consumer Assesment of Bangladesh
গ Consumer Association of Bangladesh
ঘ Consume Associate of Bangladesh

**উদ্দীপকটি পড় এবং ১৯ ও ২০নং প্রশ্নের উত্তর দাও:**

জামিল সাহেব প্রতিবছর তার আয়ের নির্দিষ্ট একটা অংশ সরকারকে প্রদান করেন। এ ছাড়াও তিনি পণ্য কিনতে গিয়ে লক্ষ করলেন তাকে পণ্যমূল্যের সাথে অতিরিক্ত অর্থ প্রদান করতে হচ্ছে।

**১৯. উদ্দীপকে অতিরিক্ত প্রদানকৃত অর্থ হলো—**

ক ফি খ সম্পূরক শুল্ক
গ আবগারি শুল্ক ঘ মূসক

**২০. ★ জামিল সাহেব সরকারকে যে নির্দিষ্ট অর্থ প্রদান করেন, তা কোন ধরনের কর?**

i. প্রত্যক্ষ কর
ii. পণ্য কর iii. আয় কর

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**২১. 'গাণিতিক হার' কোনটি?**

ক ১, ২, ৩, ৪, ৫, .....
খ ১, ২, ৪, ৮, ১৬, ......
গ ০, ৪, ৮, ১২, ১৬, .......
ঘ ১, ২, ৪, ৫, ৭, .....

**২২. কোনো দেশের জন্মহার ও মৃত্যুহারের সাথে বহিরাগমন ও বহির্গমন হারকে অন্তর্ভুক্ত করা হলে তাকে কী বলে?**

ক স্থূল জন্মহার
খ প্রাক্কলন কৌশল
গ স্বাভাবিক বৃদ্ধির হার
ঘ জনসংখ্যা বৃদ্ধির হার

**অনুচ্ছেদটি পড় এবং ২৩ ও ২৪নং প্রশ্নের উত্তর দাও:**

ফেনীর যাত্রাসিদ্দি গ্রামের আবুল মিয়া একজন গরিব কৃষক। তিনি এ বছর ধানের অধিক ফলন পেলেও অনুন্নত পরিবহন, টোল ও চাঁদা, সংরক্ষণ অসুবিধার জন্য লোকসান আতঙ্কে ভুগছেন।

**২৩. আবুল মিয়া কী ধরনের সমস্যায় পড়েছেন?**

ক দামের উত্থান-পতন খ বিপণন সমস্যা
গ সরকারি নীতির অভাব ঘ অপ্রতুল বাজার

**২৪. উদ্দীপকে বর্ণিত সমস্যা সমাধানের উপায় হলো—**

i. গুদামঘর নির্মাণ ii. কৃষিবিঘা প্রচলন
iii. মিশ্র খামারের প্রচলন করা

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**অনুচ্ছেদটি পড় এবং ২৫ ও ২৬ নং প্রশ্নের উত্তর দাও:**

প্রবৃদ্ধির মাধ্যমে ব্যাপক কর্মসংস্থান সৃষ্টি করবে বলে এখন প্রমাণিত সত্য।

**২৫. উদ্দীপকে বর্ণিত প্রথম শিল্পটি কোন ধরনের?**

ক বৃহৎ শিল্প খ মাঝারি শিল্প
গ সংরক্ষিত শিল্প ঘ মাইক্রো শিল্প

**২৬. Y শিল্পের উদাহরণ হলো—**

i. জাহাজ নির্মাণ শিল্প
ii. খাদ্য প্রক্রিয়াজাতকরণ
iii. লাইট ইঞ্জিনিয়ারিং শিল্প

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**২৭. প্রাচীন বাংলার দক্ষিণ অংশ কি নামে পরিচিত ছিল?**

ক রাঢ় ও তাম্রলিপ্ত খ হরিকেল ও সমতট
গ বরেন্দ্র ও পুন্ড্র ঘ বঙ্গাল ও গৌড়

**২৮. বর্তমানে বাংলাদেশে প্রশাসনিক বিভাগ কয়টি?**

ক ৭টি খ ৮টি
গ ৯টি ঘ ১০টি

**২৯. অর্থকরী শস্য হলো—**

ক ধান, গম খ আখ, তামাক
গ ভুট্টা, চা ঘ পাট, তুলা

**৩০. ★ কোনটি কাম্য জনসংখ্যা নির্ণয়ের সূত্র?**

ক $M = \frac{O - A}{O}$ খ $A = \frac{M - O}{O}$
গ $M = \frac{A - O}{O}$ ঘ $O = \frac{M - A}{A}$

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | গ | ২ | গ | ৩ | ঘ | ৪ | খ | ৫ | ক | ৬ | খ | ৭ | খ | ৮ | খ | ৯ | ঘ | ১০ | গ | ১১ | খ | ১২ | ঘ | ১৩ | খ | ১৪ | খ | ১৫ | ঘ |
| | ১৬ | ক | ১৭ | খ | ১৮ | গ | ১৯ | ঘ | ২০ | খ | ২১ | ক | ২২ | ঘ | ২৩ | খ | ২৪ | খ | ২৫ | খ | ২৬ | খ | ২৭ | খ | ২৮ | খ | ২৯ | ঘ | ৩০ | গ |

https://teachingbd24.com